গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন ও শৃঙ্খলা শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৮.২৭.০০০১.২৬.৩৫২

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ সেবা-১ অধিশাখার ২৬.১০.২০২৫ তারিখের ২৭২ সংখ্যক অনানুষ্ঠানিক নোটের মাধ্যমে জানানো হয় যে, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ সেবা-১ অধিশাখা ০৬.০৮.২০২৫ তারিখ থেকে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তৎপরিপ্রেক্ষিতে ৩০.১০.২০২৫ তারিখে জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর নিকট কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। জনাব মোহাম্মদ আব্দুল্লাহ-এর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ২/২০২৫ রুজু করা হয়; এবং

২। যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ২/২০২৫-এর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ১৮.১২.২০২৫ তারিখে তার বরাবর প্রেরণ করা হয়। তিনি ৬.১.২০২৬ তারিখে তার বিরুদ্ধে গঠিত অভিযোগনামার লিখিত জবাব দাখিল করেন; এবং

৩। যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ২/২০২৫ এ আনিত অভিযোগের বিষয়ে তদন্তকার্য পরিচালনার জন্য ১৩.১.২০২৬ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তকার্য সম্পাদন করে ১০.২.২০২৬ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

৪। যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-কে ২.৩.২০২৬ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি ১৬.৩.২০২৬ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; এবং

৫। যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর দাখিলকৃত ২য় কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) অনুযায়ী পলায়ন এর অভিযোগে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহিত হয়; এবং

৬। যেহেতু, প্রস্তাবিত গুরুদন্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন ৯.৭.২০২৬ তারিখের ৮০.০০.০০০০.০০০.১১৬.২৭.০০০১.২৬-৮২ নম্বর স্মারকে জনাব মোহাম্মদ আব্দুল্লাহ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের পক্ষে পরামর্শ প্রদান করে;

৭। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়ন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ সেবা-১ অধিশাখা-কে ৬.৮.২০২৫ তারিখ হতে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

নাসিমুল গনি ১৯/৭/২৬
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৮.২৭.০০০১.২৬.৩৫২

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;

২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ;

৩। উপসচিব (সংস্থাপন), মন্ত্রিপরিষদ বিভাগ;

৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;

৫। উপসচিব (সাধারণ সেবা-১ অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ;

৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);

৭। সচিব, সমন্বয় ও সংস্কার এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএও মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;

৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ;

১০। জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা (চাকুরী হইতে বরখাস্তকরণ গুরুদন্ড প্রাপ্ত), মন্ত্রিপরিষদ বিভাগ।

১৯/৭/২৬
মো. ইমরান হোসেন
সিনিয়র সহকারী সচিব